

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
স্কিলস এন্ড ট্রেনিং এনহ্যানসমেন্ট প্রজেক্ট
কারিগরি শিক্ষা অধিদপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
Web : www.step-dte.gov.bd, e-mail : s.ep.dte@gmail.com

স্মারক নং-এসটিইপি/প্রশা (১)/৩.০২(জনবল-২য় শ্রেণী)/২০১৭-১০৩৭

তারিখ : ২৭ নভেম্বর ২০১৭ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি


শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্কিলস এন্ড ট্রেনিং এনহ্যানসমেন্ট প্রজেক্ট (STEP) -এ নিম্নবর্ণিত পদসমূহে প্রকল্প মেয়াদে (৩০ জুন ২০১৯খ্রি: পর্যন্ত) সাকুল্য বেতনে লোকবল নিয়োগ করা হবে। এ উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট হতে নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	গ্রেড	গ্রেডের আওতায় সাকুল্য বেতন	শূন্য পদ	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১	এ্যাসিস্ট্যান্ট প্রোগ্রাম অফিসার	১১	২১৭০০.০০ টাকা	০৩টি	বাণিজ্য/ব্যবসায় প্রশাসন/অর্থনীতি/জার্নালিজম/পরিসংখ্যান/লোক প্রশাসনে কমপক্ষে ২য় শ্রেণীর স্নাতক অথবা সমমান	সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা এবং কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।

শর্তাবলী :

- ১। অবশ্যই জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনপত্রে আবেদনকারীর স্বাক্ষর অবশ্যই থাকতে হবে। আবেদনপত্রের সংগে শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক) কপি এবং সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক) ছবি দাখিল করতে হবে। আবেদন পত্রের নমুনা কপি প্রকল্পের ওয়েবসাইট www.step-dte.gov.bd এবং www.mopa.gov.bd থেকে সংগ্রহ করা যাবে।
- ২। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৩। দরখাস্ত দাখিলের শেষ তারিখে আবেদনকারীগণের বয়স সীমা ১৮- ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান ও সন্তানদের সন্তানের ক্ষেত্রে বয়সসীমা ১৮- ৩২ বছর। বিভাগীয় প্রার্থীদের জন্য বয়সসীমা ৩৫ বছর। সেক্ষেত্রে আবেদনপত্রের সাথে যথাযথ সনদপত্র দাখিল করতে হবে।
- ৪। নিজ এলাকার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্র/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।
- ৫। আবেদনপত্রের সংগে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক এ ট্রেজারী চালানের মাধ্যমে ১০০.০০ (একশত) টাকা কোড নং-১-৭২৩১-৫০৩০-২৬৮১ এ জমা দিয়ে ট্রেজারী চালানের মূল কপি আবেদনপত্রের সংগে সংযুক্ত করতে হবে।
- ৬। আবেদনপত্র প্রকল্প পরিচালক, স্কিলস এন্ড ট্রেনিং এনহ্যানসমেন্ট প্রজেক্ট (এসটিইপি), কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা এর বরাবরে ৩১-১২- ২০১৭ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (বিকাল: ৫.০০ ঘটিকার মধ্যে) ডাকযোগে পৌঁছানো নিশ্চিত করতে হবে। খামের উপর পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ৭। ০৫ (পাঁচ) টাকার ডাকটিকেট যুক্ত একটি খাম এর উপর প্রার্থীর ডাকযোগাযোগের ঠিকানা লিখে তা আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৮। অসম্পূর্ণ ও নির্ধারিত সময়ের পর প্রাপ্ত দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- ৯। বৈধ প্রার্থীগণকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য তারিখ ও স্থান প্রার্থীদের প্রদত্ত যোগাযোগের ঠিকানায় পত্রযোগে জানানো হবে।
- ১০। প্রার্থীদের যাতায়াতের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ১১। চাকরিকাল শুধুমাত্র প্রকল্প মেয়াদ (৩০ জুন, ২০১৯ খ্রি: পর্যন্ত) বলবৎ থাকবে এবং নিয়োগের ক্ষেত্রে সরকারী নির্দেশাবলী, নীতিমালা ও শর্ত অনুসরণ করা হবে।
- ১২। নিয়োগের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ১৩। সাকুল্যে বেতন নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের নির্দেশাবলী অনুসরণ করা হবে।
- ১৪। যে কোন আবেদন পত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

প্রকল্প পরিচালক
স্কিলস এন্ড ট্রেনিং এনহ্যানসমেন্ট প্রজেক্ট


১/১১/১৭